# ইনকোয়ারির প্রসারের বিষয়ে শুনানি এবং সাবমিশন দেওয়ার বিষয়ে প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী

আপনি যে তথ্যটি খুঁজছেন তা যদি এই পৃষ্ঠায় না থাকে, বা আপনার যদি অন্য কোনো প্রশ্ন থাকে, তাহলে অনুগ্রহ করে coronial.response@justice.govt.nz এ ইমেইল করে বা 0800 ৪৪ ৪৪ 20 নম্বরে ফোন করে করোনিয়াল পরিষেবার সাথে যোগাযোগ করুন।

এই পৃষ্ঠায়, আপনি ইনকোয়ারির প্রসারের বিষয়ে ডিসেম্বর মাসের শুনানি এবং সাবমিশন দেওয়ার বিষয়ে কিছু প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী (FAQ)'র উত্তর পাবেন।

এই প্রায়শই জিজ্ঞাসিত প্রশ্নাবলী নিম্নলিখিত বিষয়গুলো কভার করবে:

- ইনকোয়ারির প্রসারের বিষয়ে শুনানি।
- একটি সাবমিশন দেওয়া

## শুনানি সম্পর্কে

### আমি যদি ব্যক্তিগতভাবে উপস্থিত হতে চাই বা দূর থেকে শুনানি দেখতে চাই তবে আমাকে কী করতে হবে?

আপনি যদি ইতিমধ্যেই ব্যক্তিগতভাবে উপস্থিত হতে বা দূর থেকে দেখার জন্য নিবন্ধন করে থাকেন তবে আপনাকে আর কিছু করতে হবে না।

আপনি যদি নিবন্ধন না করে থাকেন তবে আপনি এখানে তা করতে পারেন: https://consultations.justice.govt.nz/comms/1a09bc2b/ (external link)

আপনাকে 23 ডিসেম্বর 2021-এর মধ্যে নিবন্ধন করতে হবে।

### আমি কি অনলাইনে শুনানি দেখতে পারি?

হ্যাঁ, তবে আপনাকে অবশ্যই 23-ডিসেম্বর 2021 এর মধ্যে নিবন্ধন করতে হবে।

কীভাবে দূর থেকে দেখতে হবে তার বিশদ শুনানির তারিখ কাছাকাছি এলে পাওয়া যাবে।

### শুনানি কি দোভাষী দ্বারা ব্যাখ্যা করা হবে?

না।

তবে, যদি আপনি ব্যক্তিগতভাবে শুনানিতে উপস্থিত থাকেন এবং শুনানির সময় আপনার আইনজীবী বা আদালতের কর্মীদের সাথে যোগাযোগ করার জন্য আপনার দোভাষীর সহায়তার

প্রয়োজন হয়, তাহলে আপনাকে সাহায্য করার জন্য আমাদের কাছে দোভাষীরা উপলব্ধ থাকবে। আপনি যদি মনে করেন যে আপনার সহায়তার প্রয়োজন হতে পারে, তাহলে অনুগ্রহ করে আপনি যখন শুনানিতে অংশ নেওয়ার/দূর থেকে দেখার জন্য নিবন্ধন ফর্মটি পূরণ করবেন তখন বা coronial.response@justice.govt.nz-এ ইমেইল করে এটি নির্দেশ করুন।

### আমি যদি ক্রাইস্টচার্চের বাইরে কোথাও থাকি তাহলে কী হবে? শুনানিতে উপস্থিত থাকার জন্য আমি কি অর্থ পাব?

22-24 ফেব্রুয়ারি 2022-এর শুনানিতে উপস্থিত থাকার জন্য লোকেদের জন্য কী তহবিল উপলব্ধ হবে তার বিশদ বর্তমানে হিসাব করা হচ্ছে। এই বিষয়ে সিদ্ধান্ত নেওয়ার সাথে সাথে আমরা আপনাকে জানাব।

এটি সুপারিশ করা হয় যে আপনি উপস্থিত থাকার জন্য আপনার আগ্রহ নিবন্ধন করুন তা সে সিদ্ধান্ত অর্থায়ন উপলব্ধ হওয়ার উপর নির্ভর করলেও।

### আমি কি আমার সাথে সহায়তাকারী লোকদের আনতে পারি?

হ্যাঁ, তবে জায়গা পাওয়া গেলে তবেই।

### শুনানিতে কত সময় লাগবে?

শুনানিতে তিন দিন সময় লাগবে বলে আশা করা হচ্ছে এবং এটি আদালতের স্বাভাবিক সময় অনুযায়ী চলবে (সকাল 10টা থেকে বিকাল 5টা পর্যন্ত, মাঝে বিরতি সহ)।

## একটি সাবমিশন দেওয়া

### সাবমিশন কারা দিতে পারেন?

কেবল শহীদদের পরিবার এবং অন্যান্য আগ্রহী পক্ষ সাবমিশন দিতে পারবেন। তাদের আইনজীবী তাদের হয়ে সাবমিশন দিতে পারবেন।

### আমি কীভাবে লিখিতভাবে একটি সাবমিশন দিতে পারি?

আপনি মুখ্য করোনারের মিনিটে স্থির করা ইনকোয়ারির প্রস্তাবিত প্রসারকে সম্বোধন করে একটি লিখিত সাবমিশন দিতে পারেন। আপনি মিনিটের কোন অংশের সাথে একমত নন এবং কেন সে সম্পর্কে আপনার যুক্তি উল্লেখ করতে পারেন।

আইনি সাবমিশন লেখা একটি জটিল কাজ হতে পারে এবং এর জন্য প্রাসঙ্গিক মামলার আইন সহ আইনি জ্ঞান প্রয়োজন। আপনার যদি একজন আইনজীবী থাকেন, তাহলে এটি সুপারিশ করা হয় যে আপনি আপনার আইনজীবীকে আপনার পক্ষে সাবমিশন দিতে বলুন।

লিখিত সাবমিশন **4 ফেব্রুয়ারি 2022**-এর মধ্যে coronial.response@justice.govt.nz-এ পাঠাতে হবে।

## লিখিত সাবমিশন দেওয়ার সময়সীমা কী?

আগ্রহী পক্ষদের সমস্ত লিখিত সাবমিশন অবশ্যই **4 ফেব্রুয়ারি 2022 বিকাল 5:00 টার** মধ্যে প্রাপ্ত হতে হবে।

## আমি যদি লিখিত সাবমিশন দিই, তাহলে আমাকে কি শুনানিতে উপস্থিত থাকতে হবে?

না।

আপনি বা আপনার আইনজীবী শুনানিতে উপস্থিত হন বা নাই হন, করোনার উইন্ডলি গৃহীত সমস্ত লিখিত সাবমিশন সাবধানে বিবেচনা করবেন।

## লিখিত সাবমিশন কি কোনও নির্দিষ্ট বিন্যাসে হতে হবে?

যদি আপনার আইনজীবী আপনার হয়ে একটি লিখিত সাবমিশন করেন, তাহলে সাবমিশনটি একটি আদর্শ আইনি সাবমিশনের বিন্যাস অনুসরণ করবে।

আপনি যদি নিজের সাবমিশন নিজেই করেন, তাহলে আপনি সাবমিশনটি একটি Word বা PDF নথিতে বা একটি ইমেইলের বডিতে প্রদান করতে পারেন।

লিখিত সাবমিশনগুলোতে সাবমিশনটি মিনিটের যে অংশটি সংক্রান্ত তা স্পষ্টভাবে চিহ্নিত করতে হবে। উদাহরণস্বরূপ, এটি কি নিম্নলিখিত সংক্রান্ত:

- করোনার আইনের ব্যাখ্যা, বা মামলার আইন;

- মিনিটের 67 অনুচ্ছেদে চিহ্নিত মূল বিবেচ্য বিষয়গুলো যা মুখ্য করোনারের দৃষ্টিকোণকে চালিত করেছে;
- পরিশিষ্ট A-তে সংক্ষিপ্ত করা একটি নির্দিষ্ট সমস্যার প্রতিক্রিয়া।

## আমি কি মৌখিক সাবমিশন দিতে পারি?

হ্যাঁ।

আমরা আপনার আইনজীবীকে আপনার হয়ে এটি করার পরামর্শ দিই।

আপনার যদি কোনও আইনজীবী না থাকে এবং আপনি নিজে একটি মৌখিক সাবমিশন দিতে চান, তাহলে অনুগ্রহ করে করোনিয়াল পরিষেবাকে জানাতে coronial.response@justice.govt.nz-এ একটি ইমেইল পাঠান। আপনি **4 ফেব্রুয়ারি 2022**-এর মধ্য যে সাবমিশনটি দিতে চান তার একটি **লিখিত রূপরেখাও** আপনাকে প্রদান করতে হবে।

## যদি আমার ইতিমধ্যেই একজন আইনজীবী থাকেন যিনি আমার পক্ষে মৌখিক সাবমিশন দিচ্ছেন, তাহলে আমিও কি শুনানিতে কথা বলতে পারি?

আপনার পক্ষে একজন আইনজীবী কাজ করলে, তারা শুনানিতে মৌখিক সাবমিশন দিতে পারবেন। সাধারণত, আগ্রহী পক্ষ নিজেও মৌখিক সাবমিশন দেবেন না।

তবে, যদি কোনও বিশেষ পরিস্থিতি থাকে তাহলে করোনার উইন্ডলি এটির অনুমতি দেওয়ার বিষয়ে বিবেচনা করবেন। এটি বিরল হবে। আপনি যদি এটি করতে চান তবে প্রথমে আপনার আইনজীবীর সাথে এটি নিয়ে আপনার আলোচনা করা উচিত।

## আমার কোনও আইনজীবী না থাকলে আমি কীভাবে শুনানিতে ব্যক্তিগতভাবে সাবমিশন দিব?

আপনার যদি কোনও আইনজীবী না থাকে তাহলে আপনি নিজে মৌখিক সাবমিশন দিতে পারেন। আপনি **4 ফেব্রুয়ারি 2022**-এর মধ্য যে সাবমিশনটি দিতে চান তার একটি **লিখিত রূপরেখাও** আপনাকে প্রদান করতে হবে।

শুনানিতে মৌখিক সাবমিশন দেওয়ার জন্য প্রস্তুত হতে, আমরা আপনাকে নিম্নলিখিত পরামর্শ দেব:

- মুখ্য করোনার মিনিটে যা বলেছেন তার বিবেচনায় কেন তদন্তে কোনও বিষয়কে অন্তর্ভুক্ত করা উচিত সে সম্পর্কে পরিষ্কার হন।

- আপনি যে প্রধান জিনিসগুলো বলতে চান তা লিখে রাখুন। আপনি এটি শুনানিতে পড়ে শোনাতে পারেন।
- আপনি যা বলতে যাচ্ছেন তা অনুশীলন করুন। এটি আপনাকে নিশ্চিত হতে সহায়তা করবে যে আপনি যা বলছেন তা স্পষ্ট এবং যৌক্তিক।

শুনানিতে, আপনার কথা বলার পালা এলে করোনার উইন্ডলি আপনাকে জানাবেন। খুব সম্ভবত সমস্ত আইনজীবী তাদের সাবমিশন উপস্থাপন করার পরে এটি হবে।

**আমি কি পূর্ব ঘোষণা ছাড়াই ব্যক্তিগতভাবে মৌখিক সাবমিশন দিতে পারি?**

না।

**মৌখিক সাবমিশন দেওয়ার জন্য কি কোনও সময়সূচী বা সময়ের সীমা থাকবে?**

শুনানিতে কারা উপস্থাপন করবেন তার একটি সময়সূচী থাকবে। এটি গুরুত্বপূর্ণ যে যারা শুনানিতে নিজের বক্তব্য রাখতে চান তাদের যাতে কথা বলার সুযোগ থাকে।

কতগুলো পক্ষ মৌখিক সাবমিশন দিচ্ছে তা আমরা একবার জানতে পারলে, করোনার উইন্ডলি বিবেচনা করবেন যে প্রতিটি বক্তার জন্য সময় সীমার প্রয়োজন হবে কিনা।

লিখিত সাবমিশনগুলোতে উল্লিখিত সমস্ত বিষয় মৌখিক সাবমিশনগুলোতে কভার করার দরকার নেই তবে মূল বিষয়গুলি কভার করা উচিত।

**লোকেরা কি আগে থেকে রেকর্ড করা মৌখিক সাবমিশন দিতে পারে?**

না।

**সাবমিশন কি অন্য ভাষায় দেওয়া যেতে পারে?**

এটি বাঞ্ছনীয় যে সাবমিশনগুলো নিউজিল্যান্ডের আধিকারিক ভাষাগুলোর মধ্যে একটিতে দেওয়া হোক: তে রিও মাওরি, ইংরেজি বা নিউজিল্যান্ডের সাংকেতিক ভাষা।

যদি আপনার লিখিত সাবমিশন ইংরেজিতে না হয়, তাহলে আপনাকে অবশ্যই একই সময়ে ইংরেজিতে একটি আইনিভাবে সঠিক অনুবাদিত সংস্করণ প্রদান করতে হবে।

আপনি যদি ইংরেজি ছাড়া অন্য কোনও ভাষায় মৌখিক সাবমিশন দেন, তাহলে আপনাকে আমাদের জানাতে হবে যাতে আমরা শুনানিতে একজন দোভাষীর উপস্থিতির ব্যবস্থা করতে

পারি। আপনাকে অবশ্যই ইংরেজিতে আপনার সাবমিশনের একটি লিখিত রূপরেখাও প্রদান করতে হবে।

**শুনানি শেষ হওয়ার আগে করোনার উইন্ডলি কি প্রসারের বিষয়ে তার সিদ্ধান্ত ঘোষণা করবেন?**

এটির সম্ভাবনা খুবই কম। এর সম্ভাবনা বেশি যে শুনানির কয়েকদিন পরে, সমস্ত লিখিত সাবমিশন এবং শুনানিতে উপস্থাপিত সাবমিশনগুলো বিবেচনা করার পরে, করোনার উইন্ডলি একটি সিদ্ধান্ত ঘোষণা করবেন।